



ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।



স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮.২৪. ৮-২৫

তারিখঃ ০২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিষ্টাব্দ

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর কনডেম ঘোষিত ১০ (দশ) টি মোটর সাইকেল “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদার গণের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে পূর্ণ ঠিকানা (মোবাইল নম্বর সহ) ও স্বাক্ষর সম্বলিত সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে;

নিলাম দরপত্র নং	যানবাহনের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত মূল্য
৫/২০২৩-২৪	সিসি-১২৫ মোটর সাইকেল রেজিস্ট্রেশন নং- বি-বাড়িয়া হ-১১-১৮৫৭ প্রস্তুতের সন-২০১০	০১টি	
	সিসি-১২৫ মোটর সাইকেল রেজিস্ট্রেশন নং- বি-বাড়িয়া হ-১১-১৮৫৮ প্রস্তুতের সন-২০১০	০১টি	
	সিসি-১২৫ মোটর সাইকেল রেজিস্ট্রেশন নং- বি-বাড়িয়া হ-১১-২১৬১ প্রস্তুতের সন-২০১১	০১টি	
	সিসি-১২৫ মোটর সাইকেল রেজিস্ট্রেশন নং- বি-বাড়িয়া হ-১১-২১৬২ প্রস্তুতের সন-২০১১	০১টি	
	সিসি-১২৫ মোটর সাইকেল রেজিস্ট্রেশন নং- বি-বাড়িয়া হ-১১-২১৭৯ প্রস্তুতের সন-২০১১	০১টি	
	সিসি-১২৫ মোটর সাইকেল রেজিস্ট্রেশন নং- বি-বাড়িয়া হ-১১-২১৮০ প্রস্তুতের সন-২০১১	০১টি	
	সিসি-১২৫ মোটর সাইকেল রেজিস্ট্রেশন নং- বি-বাড়িয়া হ-১১-২১৮১ প্রস্তুতের সন-২০১১	০১টি	
	সিসি-১২৫ মোটর সাইকেল রেজিস্ট্রেশন নং- বি-বাড়িয়া হ-১১-২১৮২ প্রস্তুতের সন-২০১১	০১টি	
	সিসি-১২৫ মোটর সাইকেল রেজিস্ট্রেশন নং- বি-বাড়িয়া হ-১১-২১৮৩ প্রস্তুতের সন-২০১১	০১টি	
	সিসি-১২৫ মোটর সাইকেল রেজিস্ট্রেশন নং- বি-বাড়িয়া হ-১১-২১৮৪ প্রস্তুতের সন-২০১১	০১টি	

শর্তাবলী:

- আগ্রহী দরদাতাগণ আগামী ২২/০২/২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাংক (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা অথবা (২) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে রক্ষিত টেভার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ২২/০২/২০২৪ খ্রি. তারিখ বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাংক (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা-১২২৯ ও ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর-এ খোলা হবে।
- আগ্রহী দরদাতাগণকে প্রতিটি মোটর সাইকেলের জন্য আলাদা আলাদা দর দাখিল করতে হবে এবং প্রতিটি মোটর সাইকেলের জন্য নির্ধারিত হারে আলাদা আলাদাভাবে দরপত্র জামানত দিতে হবে। প্রতিটি প্রতিটি মোটর সাইকেলের জন্য দাখিলকৃত দর আলাদাভাবে মূল্যায়ন করা হবে। সর্বোচ্চ ও কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে।
- খামের উপরিভাগে “মোটর সাইকেল নিলাম দরপত্র” কথাটি অবশ্যই লিখতে হবে এবং মোটর সাইকেল নম্বর উল্লেখ করতে হবে।
- প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে দর প্রদান পূর্বক সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করতে হবে। সাদা কাগজে পূর্ণ ঠিকানা (মোবাইল নম্বর সহ) লিপিবদ্ধ করতঃ খামে সীলগালা ব্যবহার করতে হবে।
- দরদাতাগণকে প্রতিটি মোটর সাইকেলের জন্য আলাদা ভাবে উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% (শতকরা পঁচিশ) অর্থ নিরাপত্তা জামানত হিসাবে সিনিয়র জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সহিত জমা দিতে হবে। জামানত হিসাবে দরপত্রের সহিত উল্লিখিত হারে নিরাপত্তা জামানত জমা না দিলে বা দরপত্র অসম্পূর্ণ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য এবং সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত দরের উপর ৭.৫% ভ্যাট ও ১০% উৎসে কর বাবদ প্রযোজ্য অর্থ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মোটর সাইকেল গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সহিত দেয় প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে এবং সরবরাহ আদেশও বাতিল করা হতে পারে। অকৃতকার্য নিলাম দরদাতাদের নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।
- আগ্রহী দরদাতাগণ ইচ্ছা করলে দরপত্র দাখিলের পূর্বে যে কোন দিন অফিস চলাকালীন সময়ে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে নিলামতব্য মোটরসাইকেল পরিদর্শন করতে পারবেন।
- সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট মোটর সাইকেল নিলামে বিক্রয় করা হবে।
- সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই এতদসংক্রান্ত যেকোন দরপত্র গ্রহণ/বাতিল করবার ক্ষমতা সংরক্ষণ করেন।
- উল্লিখিত শর্ত বহির্ভূত কোন জটিলতার সৃষ্টি হলে সেক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া
ফোন-০৮৫১-৫৯৫০০